

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২০/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ মানিক মিয়া  
পিতা-মোঃ আব্বাছ আলী  
হারুয়া পূর্ব ফিসারী রোড  
কিশোরগঞ্জ।

প্রতিপক্ষ : উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
কিশোরগঞ্জ সদর।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৯-০৪-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ মানিক মিয়া ১২-০৬-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে কিশোরগঞ্জ সদরের সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ নুরঞ্জামান বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব) শাখা কিশোরগঞ্জ, স্মারক নং- ২-৭/২৪/০৯,১৭৫৬/১(৩) এস,এ/টি তারিখ- ২৭-০৮-২০০৯ ইং এ.কে.এম.ফজলুল হক রেভিনিউ ডেপুটি কালেক্টর কিশোরগঞ্জ আদেশ দিয়েছেন আবেদনকারীর বর্ণিত বিষয়ে পৃথক পৃথক মিছ মোকদ্দমা রুজু করে উভয় পক্ষের শুনানী অন্তে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সহকারী কমিশনার ভূমি কিশোরগঞ্জ সদরকে উক্ত মিছ মোকদ্দমাদ্বয়ের ফটোকপি এবং পক্ষকে নোটিশ দেওয়ার ফটোকপি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার ফটোকপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৪-০৭-২০১৩ তারিখে জেলা প্রশাসক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কিশোরগঞ্জ জনাব মোঃ ছিদ্দিকুর রহমান বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৭-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৪-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মানিক মিয়া হাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে জনাব মোঃ আবদুর রফিক খান, কানুনগো, উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ সদর কমিশনে হাজির হয়ে সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয় এবং ২৯-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির। অভিযোগকারী তথ্য কমিশন বরাবরে পত্র প্রেরণপূর্বক উল্লেখ করেন যে, তিনি প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। বর্তমানে তার কোন অভিযোগ নেই বিধায় তিনি অভিযোগটি প্রত্যাহার করার আদেশ দানের অনুরোধ জানিয়েছেন।

০৬। কিশোরগঞ্জ সদরের উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর তথ্য প্রাপ্তির প্রেক্ষিতে অভিযোগ প্রত্যাহারের আবেদনটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করেছেন।

(অ: পৃ: দ্র:)

## পর্যালোচনা।

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্যাদি সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী প্রার্থিত তথ্য পেয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহার করার জন্য আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি প্রত্যাহারের অনুমতি প্রদানসহ নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার